গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ বিভাগ
(সাধারণ শাখা)
www.mymensinghdiv.gov.bd

## ময়মনসিংহ বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট ২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ শফিকুর রেজা বিশ্বাস**<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখও সময় | : | ১৭.০৮.২০২১ খ্রি. বেলা ১১.০০ ঘ: |
| সভার মাধ্যম | : | জুম অ্যাপ। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-"ক" |
| সভায় অনুপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-"খ" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহীদদের এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**ক) আলোচনা ও সিদ্ধান্তসমূহ:**

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **কার্যবিবরণী অনুমোদন**<br>সভাপতি বলেন, গত সভার কার্যবিবরণী ইতোমধ্যে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে। এছাড়া, সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক) |
| ০২. | **স্বাস্থ্য অধিদপ্তর, ময়মনসিংহ**<br>পরিচালক, ময়মনসিংহ স্বাস্থ্য বিভাগ জানান, সামগ্রিক কোভিড পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। কমিউনিটি বেজড্ মেডিকেল কলেজ হাসপাতালে কোভিড-১৯ রোগীদের চিকিৎসার জন্য ৫০ টি বেড চালু করা হয়েছে। ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালেও বেড সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। তিনি বলেন, প্রত্যেক ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকে অক্সিজেন সিলিন্ডার দেয়া হয়েছে এবং ভ্যাক্সিনেশন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সভাপতি করোনা প্রতিরোধে সকলকে আন্তরিকভাবে সহযোগিতার অনুরোধ জানান। | ১. করোনা সংক্রান্ত সভা নিয়মিত করতে হবে।<br>২. কোভিড-১৯ এর চলমান চিকিৎসা কার্যক্রম মনিটরিং করতে হবে।<br>৩. চলমান টিকাদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পরিচালক (স্বাস্থ্য) ময়মনসিংহ বিভাগ<br>২. জেলা প্রশাসক, সকল<br>৩. প্রধান নির্বাহী কর্মকর্তা , মসিক |
| ০৩. | **গণপূর্ত অধিদপ্তর, ময়মনসিংহ**<br>সভাপতি বলেন, ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। এখন DPP ও TAPP প্রস্তুতের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন জানান, নির্মাণাধীন ২৫০ শয্যাবিশিষ্ট নেত্রকোণা জেলা হাসপাতাল ডিসেম্বর/২০২১ মাসের মধ্যে হস্তান্তর করা সম্ভব হবে। ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারের মাস্টার প্ল্যান পরিবর্তন করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। RDPP অনুমোদন হলে কাজ শেষ করা যাবে। ফায়ার সার্ভিসের কাজের ক্ষেত্রে কৃষি বিশ্ববিদ্যালয়ের সাথে জমি সীমানা সংক্রান্ত সমস্যা রয়েছে মর্মে জানান। | ১. বিভাগীয় সদর দপ্তরের DPP ও TAPP দ্রুত প্রস্তুত করতে হবে।<br>২. বিভাগীয় সদর দপ্তরের জমি অধিগ্রহণের কার্যক্রম শুরু করতে হবে।<br>৩. সকল প্রকল্প মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।<br>৪. সরকারি সম্পত্তি যাতে বেদখল না হয় সেদিকে সজাগ থাকতে হবে। | ১. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)<br>২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ময়মনসিংহ<br>৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর জানান, ময়মনসিংহ জেলায় ৬৮টি, জামালপুর জেলায় ৪১ টি, শেরপুর জেলায় ৩০টি এবং নেত্রকোণা জেলায় ৩৫টির বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের উর্ধ্বমুখী" সম্প্রসারণ কাজ চলমান আছে।<br>ময়মনসিংহ জেলায় ১০০টি, জামালপুর জেলায় ৪৫টি, শেরপুর জেলায় ২৯টি এবং নেত্রকোণা জেলায় ৫০টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ৪ তলা ভবন নির্মাণ কাজ চলমান আছে।<br>ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোণা জেলায় যথাক্রমে ৫২টি, ২৫টি, ১৫ টি ও ২১টি বেসরকারি মাদ্রাসার ৪ তলা ভবনের কাজ চলমান আছে। | ১. সকল প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>২. বৃষ্টি ও বন্যার কথা মাথায় রেখে চলমান উন্নয়নমূলক কাজের অগ্রগতি বাড়াতে হবে।<br>৩.শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সংস্কার কাজ হাতে নিতে হবে। | ১. জেলা প্রশাসক, সকল<br>২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।<br>৩. উপপরিচালক, মাধ্য: ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ |
| ০৫. | **স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, ৩৩টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ/পুন:নির্মাণ এবং ১৩টি কমিউনিটি ক্লিনিকের কাজ চলমান রয়েছে। এছাড়া তারাকান্দা উপজেলায় ৫০ শয্যা থেকে ১০০ শয্যা উন্নীতকরণ কাজ সম্পন্ন হওয়ায় তা হস্তান্তর করা হয়েছে। প্রশাসনিক অনুমোদন পেলে উদ্বোধন করা হবে। | প্রকল্পসমূহ গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা এবং মনিটরিং জোরদার করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, |
| ০৬. | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ**<br>অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানান, আমন ধানের চারা ৮০% এর অধিক রোপন হয়েছে। ভারি বৃষ্টিপাতের কারণে নেত্রকোণা জেলার বারহাট্টা, মদন উপজেলার ফসল ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। সারের কোন সংকট নেই। | সারের যাতে কোন সংকট না হয় সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ |
| ০৭. | **বিভাগীয় প্রাণিসম্পদ অধিদপ্তর, ময়মনসিংহ**<br>উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ অফিস জানান, গবাদি পশু ও হাঁস-মুরগির টিকাদান কর্মসূচি চলমান আছে। করোনাকালীন সময়ে কোরবানির পশু বিক্রি স্বাভাবিক রাখতে অনলাইন হাট পরিচালনা করা হয়। তাছাড়া চামড়ার ব্যবস্থাপনাও সুন্দরভাবে হয়েছে। খাদ্য, ফিড মিল ও ঔষধের দোকানে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা চলমান রয়েছে। জামালপুরের ০৫ উপজেলায় এবং শেরপুরের ০৩ উপজেলায় মহিষ উন্নয়ন প্রকল্প চলমান। | ১. ফিড মিল, ফিড ও ঔষধের দোকানে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২. চরাঞ্চলে মহিষ পালনে কৃষকদের উৎসাহিত করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ অফিস, ময়মনসিংহ |
| ০৮. | **বিভাগীয় মৎস্য অফিস, ময়মনসিংহ**<br>উপপরিচালক, বিভাগীয় মৎস্য অফিস, ময়মনসিংহ জানান, নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন মৎস্য অবতরণ কেন্দ্রে যথাযথভাবে পরিচালনা করা হচ্ছে। আগামী ২৮ আগস্ট ২০২১ খ্রি. তারিখ হতে মৎস্য সপ্তাহ পালন করা হবে। স্থানীয় প্রশাসনের সহায়তায় সকল জেলা ও উপজেলায় মৎস্য খাদ্য, মৎস্য হ্যাচারি ও মৎস্য সংরক্ষণ আইনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। তারাকান্দা উপজেলায় চাষীদের ঝিনুক চাষে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | ১.মোহনগঞ্জ মৎস্য অবতরণ কেন্দ্রের সক্ষমতা অনুযায়ী ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২.স্বাস্থ্যবিধি মেনে মৎস্য সপ্তাহ পালন করতে হবে।<br>৩. ঝিনুক উৎপাদন ও সংরক্ষণের ব্যাপারে উদ্যোগ নিতে হবে। | ১. জেলা প্রশাসক (সকল)।<br>২. উপপরিচালক বিভাগীয় মৎস্য অফিস ময়মনসিংহ। |
| ০৯. | **ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক)**<br>প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, মসিক ১.UGIIP-III প্রকল্পের ২য় পর্যায়ের প্রথম ধাপে বাস্তবায়নাধীন ৫ (পাঁচ) টি প্যাকেজের মধ্যে ২ (দুই)টি প্যাকেজের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং ৩ (তিন) টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। গড় অগ্রগতি ৮৭%। ২য় ধাপে সড়ক ও ড্রেনেজ অবকাঠামোর ২টি এবং পানি সরবরাহের ১টি মোট ৩ (তিন)টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। গড় | ১. করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি প্রতিপালনে জনগণকে উদ্বুদ্ধ করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. মশক নিধন, সড়ক বাতি স্থাপন, ড্রেনেজ ও পয়: নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন | প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | অগ্রগতি ৬৪%। | জোরদার করতে হবে। | |
| ১০. | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ**<br>উপপরিচালক জানান, বারহাট্টা ও পূর্বধলা ফায়ার সার্ভিস স্টেশন হস্তান্তরের জন্য প্রস্তুত হলেও হস্তান্তর করা হয়নি। তিনি হস্তান্তরের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে চিঠি দেয়ার জন্য অনুরোধ জানান। গৌরীপুর ও খালিয়াজুরি ফায়ার স্টেশনের নির্মাণ কাজ চলমান রয়েছে। নকলা ফায়ার স্টেশনের নির্মাণ কাজ মামলাজনিত কারণে স্থগিত রয়েছে। বহুতল ভবনে অগ্নিনির্বাপক যন্ত্র পর্যাপ্ত ফায়ার এক্সটিংগুইসার না থাকায় ভবন মালিকগণকে এসব সামগ্রী সংরক্ষণ করার পরামর্শ প্রদান করা হলেও সন্তোষজনক সাড়া পাওয়া যায় না। প্রশিক্ষণ নিতেও তারা আগ্রহী নন। ফায়ার সার্ভিসের ভবনসমূহে বজ্র নিরোধক দন্ড স্থাপনের জন্য অনুরোধ করা হলেও গণপূর্ত বিভাগ হতে এখনও কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। | ১.. বহুতল ভবনে ফায়ার এক্সটিংগুইসার স্থাপনের বিষয়ে ভবন মালিকদের উদ্বুদ্ধ করতে হবে।<br>২. ভবনসমূহের বজ্র নিরোধক দন্ড স্থাপন করতে হবে।<br>৩. ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের নিকটবর্তী ফায়ার সার্ভিস স্টেশন নির্মানের সীমানা সমস্যার সমাধানে সভা করতে হবে। | ১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত<br>২. জেলা প্রশাসক, সকল<br>৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পেরেশন<br>৪. মেয়র, মকল<br>৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ। |
| ১১. | **পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ**<br>পরিচালক জানান, ময়মনসিংহ বিভাগে মোট ইটভাটা ৪৫৯টি। ফিক্সড চিমনী ১১৯টি। উন্নত প্রযুক্তিতে রূপান্তরিত ইটভাটা ৩২৭টি এবং আধুনিক প্রযুক্তির ইটভাটা ১৩টি। উন্নত প্রযুক্তি ও আধুনিক প্রযুক্তি রূপান্তের হার ৭৪%। পরিবেশ আইনে নিষিদ্ধ পলিথিন ও অবৈধ ইটভাটার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা ও জরিমানা আদায় অব্যাহত আছে। ইট ভাটায় ৩০ শতাংশ পর্যন্ত ব্লক ইট বিক্রি করতে হবে এই মর্মে পরিপত্র জারি হয়েছে বলে জানান। | ১. ইট ভাটাগুলোকে উন্নত প্রযুক্তিতে রূপান্তর কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>২. ব্লক উৎপাদন ও ব্যবহার বাড়ানোর বিষয়ে প্রচার ও উদবৃদ্ধকরণে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখাতে হবে। | ১. জেলা প্রশাসক, সকল<br>২. পরিচালক, পরিবেশ অধিদপ্তর ময়মনসিংহ।<br>৩. সংশ্লিষ্ট সকল প্রকৌশল বিভাগ |
| ১২. | **বিভাগীয় প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ**<br>উপপরিচালক জানান, রেডিওতে শিক্ষা কার্যক্রম প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। করোনাকালীন বিদ্যালয় বন্ধ থাকলেও প্রাথমিক এবং গণশিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী সকল শিক্ষার্থীর গুণগত মানোন্নয়নের জন্য One Day One Word কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। Teacher's Guide অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনা করা এবং সকল বিদ্যালয়ে একই সিলেবাস, গাইড অনুযায়ী পাঠদান করানো হচ্ছে এবং ছাত্র-ছাত্রীদের নিয়মিত অনলাইন কার্যক্রম পরিচালনার জন্য আইডি খোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ১. শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২. ছাত্রছাত্রীদের অনলাইন ক্লাস অব্যাহত রাখতে হবে।<br>৩. দীর্ঘদিন বন্ধ থাকার ফলে ক্ষতিগ্রস্ত ভবন মেরামতের উদ্যোগ নিতে হবে। | ১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি<br>২. জেলা প্রশাসক, সকল<br>৩. উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ |
| ১৩. | **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ**<br>উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ জানান, স্বাস্থ্যবিধি মেনে এস.এস.সি শিক্ষার্থীদের এসাইনমেন্ট জমা নেয়া হচ্ছে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।<br>শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনে শ্রেণী কার্যক্রম ও মাদক বিরোধী সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | ১. সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।<br>২. দীর্ঘদিন বন্ধ থাকার ফলে ক্ষতিগ্রস্ত ভবন মেরামতের উদ্যোগ নিতে হবে। | ১. উপপরিচালক, মাধ্য: ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ<br>১. অতি: পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ১৪. | **বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ**<br>বিভাগীয় পরিচালক জানান, করোনাকালীন টিকাদান কার্যক্রম, ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রগুলোতে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি, সিজারিয়ান অপারেশন, নরমাল ডেলিভারি ও গর্ভবতী মায়েদের প্রাতিষ্ঠানিক ডেলিভারির ওপর গুরত্বারোপ করা হচ্ছে এবং গর্ভবতী মায়েদের তালিকা তৈরি করে তাদের সংশ্লিষ্ট স্বাস্থ্যকর্মীর মোবাইল নম্বর সরবরাহ ও EDD জানিয়ে দেয়ার কার্যক্রম চলমান রয়েছে। | ১. পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২. গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে। | পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | **সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ**<br>পরিচালক, সমাজসেবা জানান, ২০২০-২০২১ অর্থবছরে বিভিন্ন ভাতার কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। সমাজসেবা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক G2P পদ্ধতিতে শতভাগ ভাতা বিতরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ অর্থ বছরে উপকারভোগী বাছাইয়ের কার্যক্রম অনলাইনে শুরু হয়েছে মর্মে জানান। | ১. সঠিকভাবে উপকারভোগী বাছাই করতে হবে।<br>২. সামাজিক নিরাপত্তা কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১. পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ |
| ১৬. | **বিভাগীয় পরিসংখ্যান অফিস, ময়মনসিংহ**<br>যুগ্মপরিচালক জানান, জনশুমারির গণনার তথ্য সংগ্রহের কার্যক্রম ২৫ সেপ্টেম্বর থেকে শুরুর জন্য জেলা প্রশাসকগণ ও উপজেলা নির্বাহীগণের সাথে যোগাযোগ করে কার্যক্রম শুরু করা হবে। বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০ জরিপের ময়মনসিংহ বিভাগ ও জেলা সমন্বয়কারীদের প্রশিক্ষণ চলমান আছে। কৃষি পরিসংখ্যান ও কৃষি মজুরির এর তথ্য সংগ্রহপূর্বক ঢাকায় প্রেরণ করা হয়েছে। | ১. জনশুমারির গণনার তথ্য সংগ্রহের কার্যক্রম যথযথভাবে সম্পন্ন করার জন্য সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>২. সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে সমন্বয় জোরদার করতে হবে। | ১. জেলা প্রশাসক, সকল<br>২. যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, ময়মনসিংহ |
| ১৭. | **ইসলামিক ফাউন্ডেশন, ময়মনসিংহ**<br>পরিচালক জানান, ময়মনসিংহ জেলার ১৪টির মধ্যে ০৯টি, নেত্রকোণা জেলার ১১টির মধ্যে ১০টি, জামালপুর জেলার ০৮ টির মধ্যে ০৭টি এবং শেরপুর জেলার ০৬ মধ্যে ০৩টি মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান আছে। সন্ত্রাস, জঙ্গিবাদ, বাল্যবিবাহ প্রতিরোধে এবং মাস্ক ব্যবহার করোনার স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে ইমামগণ জুম্মার নামাজের খুৎবার পূর্বে ও পরে মুসল্লীদের সচেতন করার বিষয়ে বক্তব্য রাখছেন। | জুম্মার নামাজে ইমামগণ কর্তৃক বাল্য-বিবাহ, সন্ত্রাস, জঙ্গিবাদ, কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে চলা ইত্যাদি বিষয়ে সচেতনমূলক প্রচার অব্যাহত রাখতে হবে। | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ময়মনসিংহ। |
| ১৮. | **আনসার ও গ্রাম প্রতিরক্ষা, বাহিনীর রেঞ্জ কার্যালয়,**<br>পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী রেঞ্জ কার্যালয়, ময়মনসিংহ জানান, লকডাউন বাস্তবায়ন ও টিকাদান কার্য আনসার সদস্যগণ সক্রিয় অংশগ্রহণ করেছেন মর্মে সভায় জানান। | স্বাস্থ্যবিধি মান্য করতে মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা অব্যাহত রাখতে হবে। | পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী |
| ১৯. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী জানান, মোহনগঞ্জ পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ট্রাক টার্মিনাল নির্মানের জন্য ১.৯০ একর জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা কর্তৃক ভূমি মালিকদের ৮ ধারা নোটিশ জারি করা হয়েছে এবং **Solid Waste Disposal** এর জন্য ২.০০ একর জমি অধিগ্রহণের সংশোধিত প্রস্তাব জেলা প্রশাসক, নেত্রকোণা বরাবর প্রেরণ করা হয়েছে। | ০১. সকল কাজ গুনগতমান ঠিক রেখে যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>২. জমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পান্ন করতে হবে।<br>৩. চলমান কাজের মনিটরিং জোরদার করতে হবে। | ১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর<br>২. জেলা প্রশাসক নেত্রকোণা |
| ২০. | **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান, মোহনগঞ্জ উপজেলার হাইজদা বাধেঁর ঝুঁকিপূর্ণ স্থানসমূহ মেরামতের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্রাক্কলিত ব্যয়- ৪৯৯১.৮৫ লক্ষ টাকা। অগ্রগতি ৭২%। সরিষাবাড়ী উপজেলার যমুনা নদীর বাম তীর সংরক্ষণের মাধ্যমে ভূঞাপুর-তারাকান্দি সড়ক রক্ষা প্রকল্পের নির্মান কাজ সম্পন্ন হয়েছে।ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীর চর আলগী ইউনিয়নের চতুর্দিকে বেড়ীবাঁধ নির্মাণ সকল প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্রাক্কলিত ব্যয় ৪৩৯৭.০০ লক্ষ টাকা। বাস্তব অগ্রগতি ৩৮.০০%। এছাড়া মোহনগঞ্জ উপজেলার ডিংগাপোতা হাওরের অভ্যন্তরে খাল পুনঃখনন ও ফসল পরিবহন ব্যবস্থার উন্নয়ন শীর্ষক" প্রকল্পের দরপত্র আহ্বান করা হয়েছে। | ১. সকল কাজ গুনগতমান ঠিক রেখে যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>২. চলমান সকল প্রকল্পের কাজের মনিটরিং জোরদার করতে হবে।<br>৩. ইতোপূর্বে নির্মিত বাঁধসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে এবং ঝুঁকিপূর্ণ বাঁধসমূহ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. জেলা প্রশাসক, (সকল)<br>২.তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ২১. | **বিএডিসি (ক্ষুদ্র সেচ), ময়মনসিংহ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, ময়মনসিংহ জানান, সকল ডীপ টিউবওয়েল, পাম্পের মালিকগণ যাতে কৃষকদের কাছ থেকে অতিরিক্ত টাকা নিতে না পারে সেজন্য উপজেলা প্রশাসনের সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। সেচের জন্য বিদ্যুৎ বিভাগ থেকে বিদ্যুৎ নিয়মিত সরবরাহ করা হচ্ছে। | ১. সেচের জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ অব্যাহত রাখতে হবে।<br>২. মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিএডিসি (ক্ষুদ্র সেচ) ময়মনসিংহ |
| ২২. | **আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ**<br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ বলেন, ধান সংগ্রহের কার্যক্রমের মেয়াদ আগামী ৩১ আগস্ট পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সকল জেলা প্রশাসকদের সাথে সমন্বয় করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা হবে। তিনি আরো জানান, খাদ্য পরিবহনে দালালদের হস্তক্ষেপ জন্য কার্যক্রমে বিঘ্নিত হচ্ছে। | ১. সরকার নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।<br>২. কৃষকগণ যাতে কোনভাবে ক্ষতিগ্রস্ত না সেদিকে দৃষ্টি রাখতেহবে। | ১. জেলা প্রশাসক (সকল)<br>২.আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ময়মনসিংহ |
| ২৩. | **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ময়মনসিংহ**<br>উপমহাপরিদর্শক জানান, মে ২০২১ মাসে পরিদর্শন: ৯৯টি নতুন লাইসেন্স প্রদান ১৬টি, লাইসেন্স নবায়ন ১৫টি, রাজস্ব আদায় ৩০,৪০০/- টাকা, অভিযোগ নিষ্পত্তি ১০টি, মাতৃত্ব ও কল্যাণ সুবিধা প্রদান; মোট কারখানা ০৭ টি, মোট সুবিধাভোগী ৭৯ জন, মোট প্রদত্ত সুবিধার পরিমাণ ২১,৮০,২৬২/- টাকা। কারখানাসমূহে শিশু শ্রমিক দিয়ে কাজ না করানো এবং ঝুঁকিপূর্ণ শ্রম এর ব্যাপারে সর্তক থাকতে সকলকে অনুরোধ জানান। | ১. নিয়মিতভাবে কারখানাসমূহ পরিদর্শন করতে হবে।<br>২. সকল কারখানায় স্বাস্থ্যবিধি অনুসরণ এবং শিশু শ্রমিক দিয়ে কাজ না করানো হয় তা নিশ্চিত করতে হবে। | উপমহাপরিদর্শক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ময়মনসিংহ |
| ২৪. | **বিভাগীয় সমবায় অধিদপ্তর, ময়মনসিংহ**<br>যুগ্মনিবন্ধক জানান, এ বিভাগে ২২টি আশ্রয়ণ প্রকল্পের পরিবারের মধ্যে জুলাই'২১ পর্যন্ত ৪,২৮,৫১,৪৩৭/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৩,১৯,৭২,৪৮১/- টাকা আদায় করা হয়েছে। | সমবায় সমিতিসমূহ পরিদর্শন/মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মনিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ |
| ২৫. | **বিবিধ**<br>**নিম্নলিখিত দপ্তরের কর্মকর্তা/প্রতিনিধি সংযুক্ত না থাকায় উক্ত দপ্তরের কাঙক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি:**<br>১. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ময়মনসিংহ<br>২. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ<br>৩. বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ<br>৪. সড়ক ও জনপথ সার্কেল, ময়মনসিংহ,<br>৫. আঞ্চলিক পাসপোর্ট অফিস, ময়মনসিংহ | ১. আগামী সভায় উপস্থিত হয়ে বিভাগীয় কার্যক্রম আলোচনা করতে হবে।<br>২. প্রতিমাসের ১০ তারিখের মধ্যে কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট কার্যালয় |
| ২৬. | **কার্যপত্র প্রেরণ:**<br>বিভাগীয় সমন্বয় সভার কার্যপত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন, কার্যপত্র যথাসময়ে পাওয়া গেলে সভাটি আরও কার্যকরভাবে করা এবং সিদ্ধান্ত নেয়া সম্ভব হবে। | প্রতিমাসের ১০ তারিখের মধ্যে কার্যপত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কার্যালয় |

পরিশেষে সভাপতি সরকারের সকল কর্মসূচি ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের অনুরোধ জানান। আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ শফিকুর রেজা বিশ্বাস)
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ
ফোন:+৮৮-০৯১-৬১৪৪৪ (অফিস)

স্মারক নং: ০৫.৪৫.০০০০.০১১.০৬.০০১.১৬-৩০৫(২৩)

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, সুরক্ষা সেবা বিভাগ , স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, নৌপরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২০. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব) ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২১. জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
২২. জনাব ......................................................................., ময়মনসিংহ বিভাগ।
২৩. অফিস কপি।

29/08/2021

(মো: আবিদুর রহমান)
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ।

পরিশিষ্ট:খ

| ক্রম | সভার সদস্যবৃন্দ | সংযুক্ত সদস্যবৃন্দ | সংযুক্ত প্রতিনিধিবৃন্দ | অসংযুক্ত সদস্যবৃন্দ (অনুমতিক্রমে) | অসংযুক্ত সদস্যবৃন্দ (অনুমতি ব্যতীত) |
|---|---|---|---|---|---|
| ১. | পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা। | সংযুক্ত | -- | -- | -- |
| ২. | ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ। | সংযুক্ত | | -- | -- |
| ৩. | পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৪. | সেক্টর কমান্ডার, বিজিবি, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৫. | জেলা প্রশাসক, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৬. | জেলা প্রশাসক, নেত্রকোণা। | সংযুক্ত | -- | -- | -- |
| ৭. | জেলা প্রশাসক, জামালপুর। | সংযুক্ত | -- | -- | -- |
| ৮. | জেলা প্রশাসক, শেরপুর। | সংযুক্ত | | | |
| ৯. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ। | সংযুক্ত | - | -- | -- |
| ১০. | পরিচালক. দুর্নীতি দমন কমিশন, ময়মনসিংহ। | -- | -- | সংযুক্ত নয় | -- |
| ১১. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। | - | -- | -- | সংযুক্ত নয় |
| ১২. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট (PWD), ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ১৩. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ১৪. | প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবি), ময়মনসিংহ। | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ১৫. | পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ১৬. | পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা, বাহিনীর রেঞ্জ কার্যালয়, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ১৭. | যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ১৮. | উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ১৯. | উপপরিচালক, ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স, ময়মনসিংহ। | সংযুক্ত | | -- | -- |
| ২০. | পরিচালক, ইসলামি ফাউন্ডেশন বাংলাদেশ, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ২১. | পরিচালক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ২২. | পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ২৩. | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ২৪. | অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ। | -- | -- | -- | সংযুক্ত নয় |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৫. | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলাপরিষদ, ময়মনসিংহ | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ২৬. | উপপরিচালক, বিভাগীয় মৎস্য অফিস, ময়মনসিংহ। | সংযুক্ত | - | -- | -- |
| ২৭. | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ২৮. | উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ২৯. | সহকারী কার্যনির্বাহী, টিসিবি, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ। | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ৩০. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৩১. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ৩২. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | - |
| ৩৩. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | - |
| ৩৪. | উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ অফিস, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৩৫. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৩৬. | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৩৭. | পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৩৮. | উপমহাপুলিশ পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ময়মনসিংহ। | সংযুক্ত- | -- | -- | -- |
| ৩৯. | উপপরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ময়মনসিংহ। | সংযুক্ত | -- | -- | -- |
| ৪০. | ডেপুটি পোস্ট মাস্টার, জেনারেল ডাক বিভাগ, ময়মনসিংহ। | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ৪১. | স্টেশন সুপার, ময়মনসিংহ। | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ৪২. | উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অধিদপ্তর, ময়মনসিংহ | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ৪৩. | উপভূমি সংস্কার বোর্ড, ময়মনসিংহ। | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ৪৪. | উপমহাব্যবস্থাপক, বিটিসিএল, ময়মনসিংহ। | -- | -- | -- | সংযুক্ত নয় |
| ৪৫. | যুগ্ম-পরিচালক, বিভাগীয় সমবায় অধিদফতর, ময়মনসিংহ | সংযুক্ত | -- | -- | -- |